



জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমি (নাটা) এর সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভার
কার্যবিবরণীঃ

সভাপতি	ড. মোঃ মঈন উদ্দিন পরিচালক (প্রশিক্ষণ)
সভার তারিখ	০৫/১২/২০২২ খ্রি.
সভার সময়	সকাল ১০.৩০ ঘটিকা
স্থান	জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমি (নাটা), অনলাইন Zoom platform
উপস্থিতি	পরিশিষ্ট ক

সভার শুরুতে সভাপতি ড. মোঃ মঈন উদ্দিন, পরিচালক (প্রশিক্ষণ), জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমি (নাটা) কর্তৃক ওয়েবিনারে সংযুক্ত কৃষি মন্ত্রণালয়ের ১৬টি দপ্তরের অংশীজনের সকলকে ধন্যবাদ জানানো হয় এবং জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমি (নাটা) এর সেবা প্রদান প্রতিশ্রুতি ফোকাল পয়েন্ট কর্মকর্তা জনাব মোহাম্মদ ওমর ফারুক, উপপরিচালক (কীটতত্ত্ব)কে জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমি (নাটা) এর সেবা প্রদান প্রতিশ্রুতি সম্পর্কে আলোচনা করার অনুরোধ জানানো হয়।

আলোচ্য সূচী ১: ফোকাল পয়েন্ট কর্মকর্তা জনাব মোহাম্মদ ওমর ফারুক, উপপরিচালক (কীটতত্ত্ব) বলেন, সেবা প্রদান প্রতিশ্রুতি প্রক্রিয়ায় স্বচ্ছতা, জবাবদিহিতা ও শৃংখলা আনয়ন করে। এছাড়া সেবা প্রদান প্রতিশ্রুতির মাধ্যমে সেবাগ্রহীতার সহজেই একটি সেবা কিভাবে পেতে পারে এবং সেবা পেতে তাকে কোথায়, কার সাথে যোগাযোগ করতে হবে এ বিষয়ে সহজেই তথ্য পাওয়া যায়।


সেবা প্রদান প্রতিশ্রুতির সফল বাস্তবায়ন অনিয়ম, দায়িত্বহীনতা, পক্ষপাত, সম্পদের অপব্যবহার, দুর্নীতি ইত্যাদি দূর করে প্রতিষ্ঠানের সময়বদ্ধতা, সততা ও নিষ্ঠা, দায়বদ্ধতা ও জবাবদিহিতা, সংবেদনশীলতা, ন্যায্যপরায়নতা, সমতা ও পক্ষপাতহীনতা, শোভন আচরণ তথা সংস্কৃতির উন্নয়ন ঘটায় এবং জবাবদিহিতার সংস্কৃতি প্রতিষ্ঠা করে।

২. জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমি (নাটা) এর সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা ২০২২-২৩ সম্পর্কে অংশীজনদের অবহিত করা হয়। ফোকাল পয়েন্ট কর্মকর্তা জনাব মোহাম্মদ ওমর ফারুক, উপপরিচালক (কীটতত্ত্ব) কর্মপরিকল্পনা ২০২২-২৩ এর বিভিন্ন সূচক সম্পর্কে অংশীজনদের অবহিত করেন।

বিশেষ করে নাটার ক্ষেত্রে অনুসরণীয় কর্মসম্পাদন ২.২ এর সূচক ২.২.১ এর আলোকে সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক অংশীজনের (Stakeholder) সমন্বয়ে দুইটি (২) অবহিতকরণ সভা আয়োজন করার লক্ষ্যমাত্রা রয়েছে। সে অনুসারে ১ম অবহিতকরণ সভা আহ্বান করার বিষয়টি আলোচনা করেন এবং নাটায় কর্মসম্পাদন সূচক ২.১.১ এর আলোকে নির্দিষ্ট সময়ে সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক প্রশিক্ষণ আয়োজন; সূচক ১.১.১ এর আলোকে ত্রৈমাসিক ভিত্তিতে পরিবীক্ষণ কমিটি গঠন এবং সূচক ১.২.১ এর আলোকে ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট প্রেরণ সম্পর্কে অংশীজনদের বিস্তারিতভাবে অবহিত করেন।

তিনি আরও জানান যে, সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক যে সকল কার্যক্রমকে লক্ষ্যমাত্রা হিসেবে নেওয়া হয়েছে সেগুলো অর্জনের জন্য জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমি (নাটা) সর্বাঙ্গিকভাবে চেষ্টা করছে এবং সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক তথ্যাদি নাটার ওয়েবসাইটে নিয়মিত আপলোড দেওয়া হয়েছে। নাটার সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে কোন মতামত থাকলে তা তুলে ধরার জন্য অংশীজন ফোকাল পয়েন্ট কর্মকর্তাদের আহ্বান জানান।

অতঃপর সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।




ড. মোঃ মঈন উদ্দিন
পরিচালক (প্রশিক্ষণ)

স্মারক নম্বর: ১২.১৫.০০০০.০০১.৫২.০০১.১৭.১৩

তারিখ: ২১ অগ্রহাষণ ১৪২৯
০৬ ডিসেম্বর ২০২২

অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১) সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০।
- ২) নির্বাহী চেয়ারম্যান, বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল, ঢাকা।
- ৩) মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা।
- ৪) চেয়ারম্যান, বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন, কৃষি ভবন, দিলকুশা বা/এ, ঢাকা।
- ৫) মহাপরিচালক, কৃষি বিপণন অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা।
- ৬) নির্বাহী পরিচালক, বাংলাদেশ ফলিত পুষ্টি গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট (বারটান), সেচ ভবন, মানিক মিয়া এভিনিউ, ঢাকা।
- ৭) মহাপরিচালক, বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট, , গাজীপুর।
- ৮) মহাপরিচালক (চলতি দায়িত্ব), বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট, , গাজীপুর।
- ৯) মহাপরিচালক, বাংলাদেশ পাট গবেষণা ইনস্টিটিউট, মানিক মিয়া এভিনিউ, ঢাকা।
- ১০) মহাপরিচালক (ভারপ্রাপ্ত), বাংলাদেশ পরমাণু কৃষি গবেষণা ইনস্টিটিউট, ময়মনসিংহ।
- ১১) মহাপরিচালক (চলতি দায়িত্ব), বাংলাদেশ সুগারক্রপ গবেষণা ইনস্টিটিউট (বিএসআরআই), ঈশ্বরদী, পাবনা।
- ১২) মহাপরিচালক (চলতি দায়িত্ব), মহাপরিচালক এর দপ্তর, বাংলাদেশ গম ও ভুট্টা গবেষণা ইনস্টিটিউট, দিনাজপুর।
- ১৩) মহাপরিচালক (ভারপ্রাপ্ত), মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট, ফার্মগেট, ঢাকা।
- ১৪) নির্বাহী পরিচালক (ভারপ্রাপ্ত), বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ, রাজশাহী।
- ১৫) নির্বাহী পরিচালক (চলতি দায়িত্ব), তুলা উন্নয়ন বোর্ড, খামারবাড়ি, ঢাকা।
- ১৬) পরিচালক (ভারপ্রাপ্ত), কৃষি তথ্য সার্ভিস, ঢাকা।
- ১৭) পরিচালক (রুটিন দায়িত্ব), পরিচালকের দপ্তর, বীজ প্রত্যয়ন এজেন্সী, গাজীপুর।



ড. মোঃ মঈন উদ্দিন
পরিচালক (প্রশিক্ষণ)